যুগান্তর

তারিখ 04 OCT 2013
পৃষ্ঠা ১৯ কলাম ৪

# মেডিকেল ও ডেন্টাল কলেজে ভর্তি পরীক্ষা আজ

যুগান্তর রিপোর্ট

চলতি ২০১৩-১৪ শিক্ষাবর্ষে এমবিবিএস ও বিডিএস কোর্সে প্রথম বর্ষে ভর্তি পরীক্ষা আজ সারা দেশের ২৩টি কেন্দ্রে একযোগে অনুষ্ঠিত হচ্ছে। প্রত্যেক আসনের বিপরীতে ভর্তির সুযোগ পেতে লড়ছে ৮ জন শিক্ষার্থী। পরীক্ষায় উত্তীর্ণরা মেধার ভিত্তিতে সরকারি-বেসরকারি মেডিকেল ও ডেন্টাল কলেজে ভর্তির সুযোগ পাবেন। সকাল ১০টায় এমসিকিউ পদ্ধতির ১০০ নম্বরের পরীক্ষা শুরু হবে। পরীক্ষা কেন্দ্রে মোবাইল ফোন, ক্যালকুলেটর ও হাতঘড়ি আনা যাবে না।

স্বাস্থ্য অধিদফতর কেন্দ্রীয়ভাবে সারা দেশে একযোগে এ ভর্তি পরীক্ষা পরিচালনা করছে। অধিদফতর সূত্র জানায়, ভর্তি পরীক্ষা কার্যক্রম মনিটরিংয়ে ৩ থেকে ৫ সদস্যের সমন্বয়ে মোট ২৩টি উচ্চ ক্ষমতাসম্পন্ন বিশেষ টিম গঠন করা হয়েছে। কেন্দ্রগুলোতে নিয়মিত পরিদর্শকদের পাশাপাশি টিমের সদস্যরা পর্যবেক্ষণে থাকবেন। এ বছর এসএসসি ও এইচএসসি পরীক্ষায় জিপিএ এবং ভর্তি পরীক্ষায় অর্জিত নম্বর মিলিয়ে সর্বনিম্ন স্কোর ১২০ নির্ধারণ করেছে স্বাস্থ্য মন্ত্রণালয়। এর কম পেলে সংশ্লিষ্ট শিক্ষার্থী অনুত্তীর্ণ হবে।

স্বাস্থ্য অধিদফতরের মহাপরিচালক অধ্যাপক ডা. খন্দকার সিফায়েত উল্লাহ গতকাল সন্ধ্যায় যুগান্তরকে বলেন, ভর্তি পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করতে সর্বাত্মক প্রস্তুতি নেয়া হয়েছে। অনাকাঙ্ক্ষিত যে কোনো পরিস্থিতি কঠোর হাতে দমন করতে আইনশৃংখলা বাহিনীকে বলা হয়েছে। আইন শৃংখলাবাহিনী প্রশ্ন ফাঁসের গুজব ছড়ানোসহ পরীক্ষাকে কেন্দ্র করে সব ধরনের পরিস্থিতি মনিটর করবে। স্বাস্থ্য অধিদফতর সূত্র জানায়, গতকাল কঠোর গোপনীয়তা ও সতর্কতামূলক ব্যবস্থা নিয়ে ২৩টি পরীক্ষা কেন্দ্রের উদ্দেশে পরীক্ষার প্রশ্নপত্রসহ প্রয়োজনীয় সামগ্রী পাঠানো হয়েছে। প্রস্তুত রাখা হয়েছে কয়েকটি প্রশ্নের সেট। অধিদফতরের কর্মকর্তারা পরীক্ষা শুরুর পূর্ব মুহূর্তে টেলিফোনে কোন সেট প্রশ্ন ব্যবহার হবে— সে বিষয়ে নির্দেশনা দিবেন।

কর্মকর্তারা জানান, এ বছর সরকারি-বেসরকারি মেডিকেল কলেজ এবং ডেন্টাল কলেজগুলোতে মোট ৯ হাজার ১৯৪ জন শিক্ষার্থী ভর্তির সুযোগ পাবে। লিখিত পরীক্ষায় অংশ নিচ্ছে ৬৮ হাজার ১৭২ জন। সরকারি ২২টি মেডিকেল কলেজে এমবিবিএস কোর্সে আসন রয়েছে ২ হাজার ৮১২টি। বেসরকারি খাতের ৫৪টি মেডিকেল কলেজে ভর্তির সুযোগ পাবে ৪ হাজার ৮০০ জন। অন্যদিকে সরকারি একটি ডেন্টাল কলেজ এবং ৮টি ডেন্টাল ইউনিটে আসন আছে ৫৩২টি। বেসরকারি ১৮টি ডেন্টাল কলেজে আসন আছে এক হাজার ৫০টি।